



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-৭জি-১০৪০(ক-৩)/০৬(অংশ-১)/১৪০/১৮

তারিখ : ১৪/০১/২০১৯ খ্রি.

বিষয়: বগুড়া জেলার কাহালু উপজেলাধীন কাহালু আদর্শ মহিলা ডিগ্রী কলেজে জনাব মোছা: নুরুল্লাহার এর প্রভাষক(উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদে এমপিওভুক্তি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার কাহালু উপজেলাধীন কাহালু আদর্শ মহিলা ডিগ্রী কলেজে ১৩/০৩/২০১৫খ্রি. তারিখ হতে জনাব মোছা: নুরুল্লাহার প্রভাষক(উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদে কর্মরত। কলেজটিতে ১৬/১১/১৯৯৯খ্রি. তারিখে প্রভাষক(সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা) পদে জনাব মো: আবুল বাশার নিয়োগপ্রাপ্ত হয়ে এমপিওভুক্ত হন (ইনডেক্স নং-৮৩৪৯১২)। এমপিওকপিতে সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়ে প্রভাষক এমপিওভুক্ত থাকায় উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ের প্রভাষক পদে জনাব মোছা: নুরুল্লাহার এর এমপিওভুক্তির বিষয়ে মাউশি অধিদপ্তরের নির্দেশনা কামনা করে আঞ্চলিক কার্যালয়, রাজশাহী আবেদনটি রিজেক্ট করেন।


প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদে শিক্ষাগত যোগ্যতা মার্কেটিং অথবা ইন্টারন্যাশনাল বিজনেস অথবা ম্যানেজমেন্ট বিষয়ে ৪ বছর মেয়াদি স্নাতক(সম্মান) ডিগ্রী বা স্নাতকোত্তর ডিগ্রী/সম্মান। জনাব মোছা: নুরুল্লাহার ব্যবস্থাপনা বিষয়ে অনার্স মাস্টার্স পাশ এবং ব্যবস্থাপনা বিষয়ে শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ। জনাব মোছা: নুরুল্লাহার এর প্রভাষক(উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদের শিক্ষাগত যোগ্যতা আছে।

জনাব মো: আবুল বাশার এর শিক্ষাগত যোগ্যতা এল এল বি অনার্সসহ মাস্টার্স পাশ। প্রভাষক(উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদের শিক্ষাগত যোগ্যতা জনাব মো: আবুল বাশার এর না থাকায় তাকে বর্ণিত পদে সমন্বয় সম্ভব নয়।

জনবল কাঠামো-২০১৮ এর ৯(ii) ধারায় বর্ণিত আছে- উদ্ভূত পদের শিক্ষক কর্মচারীদের সমন্বয় করা সম্ভব না হলে জনবলকাঠামো ও এমপিও নীতিমালা মোতাবেক প্যারামিটারভুক্ত শূণ্য পদে শিক্ষক/কর্মচারী নিয়োগ দেওয়া যাবে এবং তারা এমপিওভুক্ত হতে পারবেন”।

নিয়োগ সংক্রান্ত সকল প্রক্রিয়া যথাযথ থাকলে কলেজটিতে প্রভাষক(উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদে জনাব মোছা: নুরুল্লাহার এর এমপিওভুক্তিতে কোন বাধা নেই।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

কাহালু আদর্শ মহিলা ডিগ্রী কলেজ

কাহালু, বগুড়া।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, কাহালু আদর্শ মহিলা ডিগ্রী কলেজ, কাহালু, বগুড়া।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। জেলা শিক্ষা শিক্ষা অফিসার, বগুড়া(প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাহালু, বগুড়া (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। জনাব মোছা: নুরুল্লাহার, প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) কাহালু আদর্শ মহিলা ডিগ্রী কলেজ, কাহালু, বগুড়া।
- ৬। সংরক্ষণ নথি।